মেহেরপুরে জিয়াউর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকীতে খাবার বিতরণ

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে গরিব, অসহায় ও দুঃস্থ মানুষের মাঝে খাবার বিতরণ করা হয়েছে। শুক্রবার (৩০ মে) বিকেল ৩টায় মেহেরপুর জেনারেল হাসপাতাল প্রাঙ্গণে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

মানবিক এ উদ্যোগের নেতৃত্ব দেন জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। খাবার বিতরণকালে তিনি বলেন, “শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ছিলেন দেশের স্বাধীনতা ও গণতন্ত্র প্রতিষ্ঠার অগ্রপথিক। তিনি দেশ ও মানুষের কল্যাণে নিজের জীবন উৎসর্গ করেছিলেন। তাঁর আদর্শে অনুপ্রাণিত হয়ে আমরা গরিব-অসহায় মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করছি। এভাবেই শহীদ জিয়ার আদর্শকে সমাজে ছড়িয়ে দিতে হবে।”

কর্মসূচিতে আরও উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, ওমর ফারুক, রোমানা আহমেদ, পেশাজীবী আহ্বায়ক নাজমুল হক লিটন, ৫ নম্বর ওয়ার্ড বিএনপি,র সভাপতি আব্দুল সামাদ, ৬ নম্বর ওয়ার্ড বিএনপি’র সভাপতি আব্দুল কুদ্দুস, ওয়ার্ড বিএনপি’র সাধারণ সম্পাদক, ৭ নম্বর ওয়ার্ড বিএনপি’র সভাপতি ইয়ারুল হোসেনসহ অন্যান্য নেতাকর্মীরা।

বক্তারা শহীদ প্রেসিডেন্ট জিয়ার আত্মত্যাগ ও অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন এবং তার রেখে যাওয়া আদর্শকে অনুসরণ করে দেশের গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার আন্দোলনে সকলকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।

অনুষ্ঠান শেষে শতাধিক অসহায় ও দরিদ্র মানুষের মাঝে খাবার বিতরণ করা হয়। দিনব্যাপী চলা এ কার্যক্রমে বিএনপি’র তৃণমূল পর্যায়ের বিপুলসংখ্যক নেতাকর্মী অংশগ্রহণ করেন।

মুজিবনগরে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান-এর ৪৪ তম শাহাদাত বার্ষিকী পালন

মুজিবনগরে জাতীয় পতাকা, দলীয় পতাকা, শোক পতাকা, আলোচনা সভা, দোয়া মাহফিল এবং দুস্থদের মাঝে বস্ত্র বিতরণের মধ্য দিয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান (বীর উত্তম) এর ৪৪ তম শাহাদাৎ বার্ষিকী পালন করা হয়েছে।

মুজিবনগর উপজেলা বিএনপি’র আয়োজনে, শুক্রবার সকাল সাড়ে ৭ টার সময় উপজেলা বিএনপি’র কার্যালয় প্রাঙ্গনে, জাতীয়, দলীয় এবং শোক পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির সূচনা করা হয়।

পতাকা উত্তোলন শেষে দলীয় কার্যালয়ে আলোচনা সভা এবং শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এর আত্মার মাগফেরাত এবং বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিল শেষে এলাকার অসহায় ও দুস্থ মহিলা-পুরুষদের মাঝে বস্ত্র বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সিনিয়র যুগ্ন আহ্বায়ক আমিরুল ইসলাম সভাপতি হিসেবে উপস্থিত থেকে পতাকা উত্তোলন ও বস্ত্র বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালি ইউনিয়ন বিএনপি’র সভাপতি রায়হান কবির, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুল ইসলাম, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহ্বায়ক সালাউদ্দিন প্রিন্স, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক আহনাফ লিংকনসহ মুজিবনগর উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল কৃষকদল ও ছাত্রদলের নেতাকর্মীবৃন্দ।

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৯ তম জন্মবার্ষিকী পালনে সমাবেশ

মুজিবনগর প্রতিনিধি বাংলাদেশের অপর নাম জিয়াউর রহমান এই প্রতিপাদ্যে আজ রবিবার বিকেলে মুজিবনগর উপজেলা বিএনপির একাংশ আয়োজনে, মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে মহান স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা (বীর উত্তম), শহীদ প্রেসিডেন্ট, জিয়াউর রহমানের ৮৯ তম জন্ম বার্ষিকী উপলক্ষে গণ মিছিল ও সমাবেশে প্রধান অতিথি বক্তব্যে তিনি এসব কথা বলেন, তিনি বলেন ইদানিং শুনছি মুজিবনগর থানায় এপয়েন্টমেন্ট এসেছে থানার দালালি কে করবে।

এপয়েন্টমেন্ট দিয়েছেন যে নেতা তাকে বলি এই অ্যাপয়েন্টমেন্ট এভাবে দিতে যেয়েন না অমক দালালি করবে থানার তমুক দালালি করবে ইউনিয়নের আর আপনারা চাঁদাবাজি করে খাবেন আমরা তা হতে দেব না পুলিশ ভাইয়েরা জেনে রাখুন শুনে রাখুন যদি প্রয়োজন হয় সারা মুজিবনগর আমরা অচল করে দেব।

তিনি প্রশাসনকে উদ্দেশ্য করে বলেন জনগণের ভাষা বুঝবেন, জনগণের কথার বাইরে, জুলাই আগস্ট গণঅভ্যুত্থানের চেতনার বাইরে, রক্তাক্ত সংগ্রামের মধ্য দিয়ে আসা সরকারের কথার বাইরে পদক্ষেপ নিলে আমরা আপনাদের বাড়ি পর্যন্ত যেতে বাধ্য হব। তিনি আরো বলেন, ভয় পাওয়ার কিছু নেই নেতৃত্ব দখল করে যারা থানার দালালি করবেন তারা নেতৃত্ব হারানোর ভয় পান।

আমরা ভয় পাইনা কারন আমরা সাধারণ মানুষের সব ধরনের অধিকার ফিরিয়ে দিয়ে রাষ্ট্রকে জনগণের হাতে তুলে দিতে আমরা বদ্ধপরিকর। গণতন্ত্র পুনরুদ্ধারের যে সংগ্রাম সেই সংগ্রাম যতক্ষণ না পর্যন্ত শেষ হবে ততক্ষণ পর্যন্ত আমরা রাজপথে আছি থাকবো।বিরাট জনসভা কে উদ্দেশ্য করে মাসুদ অরুন বলেন যত মানুষ যত সমর্থন সেখানেই ধানের শীষের জয় জয় গান। অনুষ্ঠানে সদ্য ঘোষিত জেলা বিএনপির আহবায়ক কমিটিকে সুযোগ সন্ধানী ও সুবিধাবাদী উল্লেখ করে এই অনুষ্ঠানে বক্তারা